# বাংলা ছোটগল্প
# বিষয়ে ও বিশ্লেষণে

সংকলন ও সম্পাদনা
সুব্রত রায়
অভিজিৎ সাহা

বঙ্গীয় সাহিত্য সংসদ

BANGLA CHOTOGALPA : BISHAYE O BISLESHANE
Analysis of short stories and writers, Edited by Subrata Roy and Abhijit Saha, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street, Kolkata : 700009, January : 2022. ₹ 800.00

© লেখক

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ
জানুয়ারি, ২০২২

প্রকাশক
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯

প্রচ্ছদ
অতনু গাঙ্গুলী

বর্ণ সংস্থাপন
ছায়া গ্রাফিক্স
কলকাতা : ৭০০০৫৪

মুদ্রক
স্টার লাইন
কলকাতা : ৭০০০০৬

ISBN : 978-93-90993-79-6

মূল্য : আটশো টাকা

গৌহাটি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের
প্রাক্তন অধ্যাপক আমাদের সকলের প্রণম্য
ড. দীপক সেন মহাশয়ের
পবিত্র হস্তযুগলে সমর্পিত

কলঙ্কিত সম্পর্ক : নিবিড়
পাঠের আলোকে ১২১ সৌরভ সাহা
চার পয়সায় এক আনা : সৃষ্টির নিরিখে ১২৬ বিশ্বজিৎ ঘোষ

**বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (১৮৯৪-১৯৫০)**
কুশল পাহাড়ী : নগর বনাম গ্রাম্যজীবন ১৩০ দীপঙ্কর সাহা

**তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (১৮৯৮-১৯৭১)**
নারী ও নাগিনী : একটি বিশেষ পাঠ ১৩৮ মমতা চক্রবর্তী

**শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (১৮৯৯-১৯৭০)**
চুয়াচন্দন : একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন ১৪২ রীতা রাণী দে

**বনফুল (১৮৯৯-১৯৭৯)**
বনফুলের ছোটগল্প : সমাজের চালচিত্র ১৭৬ অভিজিৎ সাহা
বনফুলের গল্প : মানব প্রেমের এক
শৈল্পিক উত্তরণ ১৮৪ আজিজুল সেখ
অর্জুন মণ্ডল : জীবন সাধনার
করুণ আলেখ্য ১৯৩ সুব্রত রায়

**অচিন্ত্যকুমার সেনগুপ্ত (১৯০৩-১৯৭৬)**
সারেঙ : অধিকার বঞ্চিত
এক শিশু সংগ্রামের কাহিনি ২১৫ অভিজিৎ সাহা
'ধরা বিয়ে'র অধরা দিব্যমণি ২২২ সুজিত কুমার বিশ্বাস

**প্রেমেন্দ্র মিত্র (১৯০৪-১৯৮৮)**
সংসার সীমান্তে : বিচিত্র দৃষ্টিকোণের
নিরিখে ২২৯ দীপঙ্কর সাহা
মশা : একটি নিবিড় পাঠ ২৪৩ অভিষেক রায় চৌধুরী
আকাশের আতঙ্ক : কল্পনার অতিরেক ২৪৯ মধুমিতা সেনগুপ্ত

**লীলা মজুমদার (১৯০৮-২০০৭)**
পদিপিসির বর্মিবাক্স : অনুভবের
প্যানডোরা বক্স ২৫৫ অরীন্দ্রজিৎ ব্যানার্জী

**মানিক বন্দ্যোপাধ্যায় (১৯০৮-১৯৫৬)**
কুষ্ঠরোগীর বউ : আত্ম-প্রতিষ্ঠার গল্প ২৬৬ দেবাশিস বিশ্বাস
আপদ : সমাজবাস্তবতার এক বিরল দৃষ্টান্ত ২৭১ রসিক মিঞা

**গজেন্দ্রকুমার মিত্র (১৯০৮-১৯৯৪)**
উৎসর্গ : দাম্পত্য সম্পর্কের ইতিবাচক রূপ ২৮৩ সুব্রত রায়

**আশাপূর্ণা দেবী (১৯০৯-১৯৯৫)**
তাসের ঘর : এক মানবীর ইতিহাস ২৯৪ অভিজিৎ সাহা
ছিন্নমস্তা : একটি বিশ্লেষণী পাঠ ৩২৮ গীতিকা দাস
সীমারেখার সীমা : জীবন
অভিজ্ঞতার কাহিনি ৩৩৬ চণ্ডিকা দাস
ইজ্জত : বিদ্রোহের নিভন্ত স্ফুলিঙ্গ ৩৪৩ অরুণ কুমার সাঁফুই

**সুবোধ ঘোষ (১৯১০-১৯৮০)**
সুন্দরম্ : সুন্দরের প্রচ্ছদে
অসুন্দরের লীলা ৩৫২ স্বপনকুমার আশ

**জ্যোতিরিন্দ্র নন্দী (১৯১২-১৯৮২)**
সমুদ্র ও গিরগিটি : মানবমনের ছবি ৩৬১ বেবী পাত্র (সামন্ত)

**কমলকুমার মজুমদার (১৯১৪-১৯৭৯)**
মতিলাল পাদরী ও নিম অন্নপূর্ণা :
অন্দরমহলের চিত্র ৩৭৪ মানস নিয়োগী
মতিলাল পাদরী : ধর্ম বিশ্বাসের আড়ালে
মানবিক চেতনা ৩৮৫ বেবী পাত্র (সামন্ত)
মধু : দেহ থেকে অনন্ত চেতনায় ৩৯৫ দিব্যতনু দাশগুপ্ত

**নরেন্দ্রনাথ মিত্র (১৯১৭-১৯৭৫)**
চোর : মানবমনের চিলেকোঠার
এক নিভৃত অনুভব ৪০১ অনিন্দিতা সাহা
রস : মুসলমান সমাজের
এক জীবন্ত আলেখ্য ৪০৭ অনিন্দিতা সাহা
বিকল্প : একটি বিশ্লেষণাত্মক আলোচনা ৪১৩ অনিন্দিতা সাহা

**নারায়ণ গঙ্গোপাধ্যায় (১৯১৮-১৯৭০)**
মধুবন্তী : একটি বিশেষ পাঠ ৪২৯ সঞ্জয় ভট্টাচার্য
বন-জ্যোৎস্না : প্রকৃতির সত্তা,
সত্তার প্রকৃতি ৪৩৫ মাম্পি গুপ্ত

**সন্তোষকুমার ঘোষ (১৯২০-১৯৮৫)**
কানাকড়ি ও দ্বিজ : একটি অবলোকন ৪৪৫ শেলী দত্ত

**বিমল কর (১৯২১-২০০০)**
ইঁদুর ও জননী : অভিজ্ঞতার প্রতিচ্ছবি ৪৫২ রেশমী বীর

**বিমল চৌধুরী (১৯২২-২০০১)**
ভগীরথের তালা : একটি
বিশ্লেষণাত্মক পাঠ ৪৫৬ টিটন রুদ্র পাল

**সমরেশ বসু (১৯২৪-১৯৮৮)**
স্বীকারোক্তি : বিষয়ে ও বিশ্লেষণে ৪৬৯ অশোক কুমার রায়
শহীদের মা : মাতৃত্বের সংকট ও
দ্বন্দ্বের বহুমাত্রিকতা ৪৮৪ সৈকত রাউত
পাড়ি : জীবনের জোয়ার-ভাঁটার গান ৪৯০ অরুণ কুমার সাঁফুই

**মহাশ্বেতা দেবী (১৯২৬-২০১৬)**
মাদার ইন্ডিয়া : একটি বিশ্লেষণী পাঠ ৪৯৯ দীপান্বিতা দাস
দ্রৌপদী :
পুরাণের দর্পণে নিম্নবর্গের প্রতিফলন ৫০৭ অভিজিৎ সাহা
বিছন : জীবন সংগ্রামের করুণ আলেখ্য ৫১৩ রিনি চ্যাটার্জী
ভাতৃধান : ব্রাত্য মানুষের
বিদীর্ণ জীবনকথা ৫১৯ উত্তম পালুয়া
ভাত : খাদ্য সংকটের মর্মন্তুদ চিত্র ৫২৯ সুব্রত রায়

**অসীম রায় (১৯২৭-১৯৮৬)**
অসীম রায়ের নির্বাচিত
ছোটগল্প : মধ্যবিত্তের দ্বন্দ্ব ও সংকট ৫৩৮ অশ্বিনী শর্মা

**সৈয়দ মুস্তাফা সিরাজ (১৯৩০-২০১২)**
বাদশা : নারী-বেদনার বয়ান ৫৫৪ সঙ্গীতা নন্দী

**মতি নন্দী (১৯৩১-২০১০)**
আত্মভুক ও শবাগার : ছোটগল্পের
অন্যভুবন ৫৬০ জয়শ্রী দে

**শ্যামল গঙ্গোপাধ্যায় (১৯৩৩-২০০১)**
উইপোকা : একটি আলোচনা ৫৬৬ কমলা মণ্ডল

**দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (১৯৩৩-১৯৭৯)**
জটায়ু : দেশভাগ ও দাঙ্গার বিষাক্ত রূপ ৫৭০ নিপন দাস
অশ্বমেধের ঘোড়া : মধ্যবিত্তের যাপনকথা ৫৭৯ নিপন দাস

**সুনীল গঙ্গোপাধ্যায় (১৯৩৪-২০১২)**
রাতপাখি : একটি বিশ্লেষণ ৫৮৮ বাপ্পন দেবনাথ
গরম ভাত অথবা নিছক ভূতের গল্প :
বাস্তবতার নির্মমচিত্র ও অন্ধবিশ্বাসের
মূলে কুঠারাঘাত ৫৯২ প্রাণজিৎ সরকার

**শীর্ষেন্দু মুখোপাধ্যায় (১৯৩৫-)**
ভাগের অংশ : একটি আলোচনা ৫৯৯ সমীর শর্মা

**সেলিনা হোসেন (১৯৪৭-)**
আমিনা ও মদিনার গল্প : একটি
বিশ্লেষণী পাঠ ৬০৪ সুচরিতা চৌধুরী

**সুচিত্রা ভট্টাচার্য (১৯৫০-২০১৫)**
সুচিত্রা ভট্টাচার্যের নির্বাচিত ছোটগল্প :
মধ্যবিত্তের অন্দরমহল ৬১০ মঞ্জুরী বিশ্বাস
ইচ্ছের গাছ : একটি নিবিড় পাঠ ৬১৫ সুরজিৎ ঘোষ

**স্বপ্নময় চক্রবর্তী (১৯৫২-)**
পতাকার কাপড় : স্রষ্টা ও সৃষ্টি ৬২২ সুব্রত রায়

**কিন্নর রায় (১৯৫৩-)**
বিপন্ন পরিবেশ ভাবনার আলোকে কিন্নর
রায়ের ছোটগল্প : একটি বিশেষ অধ্যয়ন ৬৪১ সুজিৎ সরকার

**কাবেরী রায়চৌধুরী (১৯৬৮-)**
সম্পূর্ণা অসম্পূর্ণা এবং মা :
বিশ্লেষণের আলোকে ৬৪৭ দীপান্বিতা দাস

**প্রাবন্ধিক পরিচিতি ৬৫৪**

থেকে গল্পের সূচনা এবং দ্বিতীয়ত হল চরিত্র। ছোটগল্পে অল্পসংখ্যক চরিত্রের প্রয়োজন, এখানে লেখিকা খুব কমসংখ্যক চরিত্র দিয়ে গল্পটিকে সাজিয়েছেন। তৃতীয়ত, ছোটগল্প হতে হলে শেষ এবং শুরু খুবই গুরুত্বপূর্ণ। এখানে গল্পটি হঠাৎ করে শুরু হয়েছে যা ছোটগল্পের প্রধান বৈশিষ্ট্য। বিয়ের বাড়ির ঘটনার দ্বারা শুরু করেছেন এবং মাঝখানে গিয়ে ক্লাইম্যাক্স রেখেছেন এবং পরিণতিতে নাটকীয়তা রয়েছে। অর্থাৎ গল্পটিতে কোন চাবুক কশা বাঞ্ছনা নেই, এটি ধাপে ধাপে হয়েছে। ভাষার ক্ষেত্রে ছোটগল্প খুবই স্বল্প পরিভাষার হয়ে থাকে এবং লেখিকা স্বল্প কথায় সুন্দরভাবে এই গল্পটাকে বুনেছেন।

সুতরাং উপরোক্ত আলোচনা দ্বারা বিচার করলে দেখা যায় যে 'সীমারেখার সীমা' গল্পটি ছোটগল্প হিসেবে সার্থকতা লাভ করেছে।

**উপসংহার :** এ জীবন এক যুদ্ধ। জীবনের ঘাত-প্রতিঘাত জয় করে সেখান থেকে অভিজ্ঞতা অর্জন করে আগামীতে এগিয়ে যেতে হবে। পাঠ্য গল্পে ছবির চারিত্রিক দৃঢ়তা, সহনশীলতা, আত্মসংযমী গুণগুলি নারীর এক বিশেষ রূপকে উদ্ভাসিত করে। সেকালে ছবির মতামত প্রকাশ করার অবকাশ ছিল না বা আত্মসম্মান ভয়ে তা করতে পারেনি। কিন্তু বর্তমানে নারীর সে স্বাচ্ছন্দ্য পুরোপুরি আছে। তবে সুফলের সঙ্গে সঙ্গে যথেষ্ট কুফলও রয়েছে। নারী আত্মনির্ভর, শিক্ষিত হয়েছে কিন্তু চারিত্রিক দৃঢ়তা, সহনশীলতা, আত্মসংযমভাব ক্রমশ যেন কোথায় হারিয়ে যাচ্ছে। শিক্ষার পাশাপাশি এসবেরও যথেষ্ট গুরুত্ব রয়েছে। জীবনে চলার পথে একান্ত জরুরী ধৈর্য, স্থিরতা, কারণ সুসময়-দুঃসময় আমাদের নানা অভিজ্ঞতায় অভিজ্ঞ করে তোলে, যার সম্মুখীন হতে হলে তা খুবই আবশ্যকীয়। স্থির ভাবে থেকে সঠিক সিদ্ধান্ত নিয়ে সকলের মঙ্গল কামনা করে বেঁচে থাকতে পারলে যে আনন্দ লাভ হবে তা অতুলনীয়। আর তাই আশাপূর্ণা দেবী গল্পটির মাধ্যমে এই শিক্ষাই দিয়েছেন যা আমাদের আনন্দে বেঁচে থাকার রসদ জোগায়।


**আকর গ্রন্থ**

১. অরুণকুমার মুখোপাধ্যায় (সম্পা) : একুশটি বাংলা গল্প; প্রকাশ : ১৯৭৭, ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া, নয়া দিল্লী-১১০০৭০।

**সহায়ক গ্রন্থ**

১. অরুণকুমার মুখোপাধ্যায় : কালের পুত্তলিকা; প্রথম দেজ সংস্করণ : ১৯৯৫ সেপ্টেম্বর, দেজ পাবলিশিং, কলকাতা-৭৩।

২. সুব্রত রায় (সম্পা) : বাংলা ছোটগল্প বিচার : পাঠকের দর্পণে; প্রথম প্রকাশ; জানুয়ারি ২০২১, বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা-৭০০০০৯।

**পত্র-পত্রিকা**

১. ড. বিশ্বজিৎ ভট্টাচার্য (সম্পা) : প্রতিধ্বনি The Echo; Vol-VIII, issue : I; প্রকাশ : জুলাই ২০১৯, বাংলা বিভাগ, করিমগঞ্জ কলেজ, আসাম।


# ইজ্জত : বিদ্রোহের নিভন্ত স্ফুলিঙ্গ

অরুণ কুমার সাঁফুই

## এক

বাংলা কথাসাহিত্যের অঙ্গনে যে কয়েকজন মহিলা কথাশিল্পী পদচারণা করেছেন আশাপূর্ণা দেবী (১৯০৯-১৯৯৫) তাঁদের মধ্যে বিশিষ্ট। তিনি উপন্যাস লিখেছেন দেড়শোর বেশি এবং ছোটোগল্প হাজার দেড়েকের ওপর। (যা দেখি তাই লিখি, ঐ)। বিষয়বৈচিত্র্যে বয়নকৌশলে তাঁর প্রতিটি রচনাই মৌলিকত্বের দাবিদার। বাঙালি মধ্যবিত্তের অন্দরমহলের চালচিত্রকে সূক্ষ্মদৃষ্টিসম্পন্ন, অনুভূতিশীল কবিমন নিয়ে তিনি রচনা করেছেন দিবারাত্রির কাব্য। আশাপূর্ণা কখনো তাঁর নিজস্ব অভিজ্ঞতার বাইরে গিয়ে কলম ধরেননি। তিনি বলেছেন—"আমি কখনো আমার জানা জগতের বাইরে কোথাও পা ফেলতে যাই না এবং আমার সেই জগৎটি একেবারে চার দেওয়ালের মধ্যে সীমাবদ্ধ। তবু তার মধ্যে দেখে চলেছি কি অফুরন্ত জীবন বৈচিত্র্য।" (যা দেখি তাই লিখি—আশাপূর্ণা দেবী, সমকালের জিয়নকাঠি, সম্পাদক নাজিবুল ইসলাম মণ্ডল, 'আশাপূর্ণা দেবী বিশেষ সংখ্যা; ডিসেম্বর ২০০৯) আশাপূর্ণা তাঁর বিভিন্ন গল্পের মধ্যেদিয়ে নির্ণয় করে গেছেন নারীর সামাজিক অবস্থানের প্রকৃত চিত্র। আটপৌরে ভাষায় তিনি বাঙালি নারীর আশা-আকাঙ্ক্ষা, ক্ষোভ-হতাশা, যন্ত্রণা-নিপীড়ন, লোভ-লালসা প্রভৃতি নানান বিষয়কে তাঁর গল্প-উপন্যাসে স্থান দিয়েছেন। মনস্বী সমালোচক হীরেন্দ্রনাথ দত্ত, আশাপূর্ণা দেবীর সাহিত্যকর্ম মূল্যায়ন করে বলেছেন : "আশাপূর্ণা দেবীর সাহিত্যকর্মে একটি সহজের সাধনা আছে; এজন্যে তাঁর সমস্ত গল্প কাহিনিতে একটি নিঃসংশয় সততার ছাপ আছে। তাঁর সৃষ্ট চরিত্র এবং বিবৃত ঘটনাকে অকৃত্রিম সত্য বলে গ্রহণ করতে একটুও বাধে না। সাধারণ মধ্যবিত্ত বাঙালি জীবনের এমন অন্তরঙ্গ ছবি আর কে আমাদের দিয়েছেন। জীবনের অকৃপণ দান এবং নিষ্ঠুর কৌতুক; কিছুই তাঁর দৃষ্টি এড়ায়নি।" (হীরেন্দ্রনাথ দত্ত)

আশাপূর্ণা দেবীর **'ইজ্জত'** গল্পটি 'বাছাই গল্প' গ্রন্থের অন্তর্ভুক্ত। বাছাই গল্প গ্রন্থের প্রথম গল্প 'ইজ্জত'। গল্পটি এক থেকে আট পৃষ্ঠার পরিসরে বর্ণিত হয়েছে। বাছাই গল্প গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় 'মণ্ডল বুক হাউস' থেকে, শ্রাবণ ১৩৮৬ বঙ্গাব্দে (ইংরেজি ১৯৭৯ সালের আগস্ট)। আশাপূর্ণা দেবীর 'বাছাই গল্প' গ্রন্থটি যখন প্রকাশিত হয় তখন আশাপূর্ণা দেবীর বয়স সত্তর বছর। জীবনপর্বের সায়াহ্নে এসে আশাপূর্ণা তীব্র জীবন অভিজ্ঞতায় ঋদ্ধ হয়ে 'ইজ্জত' গল্পটি লিখছেন। পত্র-পত্রিকার ফরমায়েসি তাগিদ নয়—মৌলিক চিন্তার শিল্পীত তাড়নায় এ গল্পে তিনি তুলে ধরেছেন মধ্যবিত্ত আটপৌরে ঘরোয়া জীবনের—নিত্য ঘটমান নারীর প্রতি অবজ্ঞার এক চালচিত্র। এই চিত্র পরিবেশনে তিনি সিদ্ধহস্ত।